

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আসিম রহিমাহুল্লাহ পূর্বে যে হাদীস বর্ণনা করেছেন, খালিদ রহিমাহুল্লাহ কর্তৃক তার বিপরীত বর্ণনা

ذَكَرُ مُخَالَفَةَ خَالِدِ الْحَذَّاءِ عَاصِمًا فِي رِوَايَتِهِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

3526 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُونُسَ حَدَّثَنَا بَنْدَارٌ حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ حَدَّثَنَا خَالِدٌ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنَعَانِيِّ: عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْبَقِيعِ زَمَانَ الْفَتْحِ فَنَظَرَ إِلَى رَجُلٍ يَحْتَجِمُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَفْطَرَ الْحَاجِمُ وَالْمَحْجُومُ)
الراوي : شَدَّادُ بْنُ أَوْسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :
التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3526 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(2051).

বাংলা

৩৫২৬. শাদ্দাদ বিন আওস রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “মক্কা বিজয়ের সময়ে রমযানের ১৮ তারিখে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে রক্তমোক্ষম করতে দেখলেন। তখন তিনি বলেন, “যে রক্তমোক্ষম করছে আর যাকে রক্তমোক্ষম করে দিচ্ছে উভয়ের সিয়াম ভঙ্গ হয়ে গেছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১২৪; দারেমী: ২/১৪; তাবারানী: ৭১৫১; সুনান বাইহাকী: ৪/২৬৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৫১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৪৯-৫০; আবু দাউদ: ২৩৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৫১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92860>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন